



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

চেয়ারম্যান, বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি

এবং

সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

মহাসড়ক ও সেতু মন্ত্রণালয় এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৬- জুন ৩০, ২০১৭

সূচীপত্র

বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটিএ (বিআরটিএ) এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র -----	৩
উপক্রমণিকা -----	৪
সেকশন-১: বিআরটিএ'র রূপকল্প, কৌশলগত উদ্দেশ্যসমূহ ও কার্যাবলী -----	৫
সেকশন-২: বিআরটিএ'র বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) -----	৬
সেকশন-৩: কৌশলগত উদ্দেশ্যসমূহ, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ -৭ দপ্তর/সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ -----	৯
সংযোজনী ১: শব্দ সংক্ষেপ (Acronyms) -----	১২
সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর, সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি -----	১৩

বিআরটিএ'র কর্মসম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the performance of BRTA)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জন

টেকসই, ডিজিটাল, পরিবেশ বান্ধব, ও নিরাপদ সড়ক পরিবহন ব্যবস্থা গড়ে তোলার মাধ্যমে দেশের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে বিআরটিএ'র কার্যক্রম চলমান রয়েছে। বিগত ৩ (তিন) বছরে এ অধিরিটি কর্তৃক ৬ লক্ষ ৭৮ হাজার মোটরযানের রেজিস্ট্রেশন, ১৫ লক্ষ ৬৭ হাজার মোটরযানের ফিটনেস সার্টিফিকেট, ৭ লক্ষ ২৪ হাজার স্মার্ট কার্ড ড্রাইভিং লাইসেন্স ইস্যু ও নবায়ন এবং ৮ লক্ষ ১৭ হাজার মোটরযানের রেট্রো-রিফ্লেক্টিভ নাম্বারপ্লেট ও রেডিও ফ্রিকুয়েন্সি আইডেনটিফিকেশন (আরএফআইডি) ট্যাগ সংযোজন করা হয়েছে। মোটরযান সংক্রান্ত বিভিন্ন সার্ভিস প্রদানের মাধ্যমে মোট ৩ হাজার ৫৫৭ কোটি টাকার রাজস্ব আদায় করা হয়েছে। সড়ক নিরাপত্তা জোরদারকরণের উদ্দেশ্যে গত ৩ বছরে মোট ৬৪ হাজার পেশাদার মোটরযান চালককে সড়ক নিরাপত্তা বিষয়ে দক্ষতা ও সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এ ছাড়া গত ৩ বছরে সড়ক নিরাপত্তা ও গণসচেতনতা সৃষ্টির উদ্দেশ্যে মোট ১৫৯টি সভা ও সেমিনার অনুষ্ঠিত হয়েছে এবং সড়ক নিরাপত্তা ও গণসচেতনতামূলক ১৬ লক্ষ ৫ হাজার স্টিকার ও লিফলেট বিতরণ করা হয়েছে। ত্রুটিপূর্ণ এবং ফিটনেস ও রেজিস্ট্রেশনবিহীন মোটরযানের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের নিমিত্ত এ অধিরিটির ম্যাজিস্ট্রেটসহ জেলা প্রশাসনের ম্যাজিস্ট্রেটবৃন্দের মাধ্যমে বিগত ৩ বছরে মোট ৪৬ হাজার ৫৩টি ভ্রাম্যমান আদালত পরিচালিত হয়েছে।

সমস্যা ও চ্যালেঞ্জসমূহ

মোটরযান ব্যবস্থাপনায় ডিজিটাল কার্যক্রমের অংশ হিসেবে বিগত ৩১ অক্টোবর ২০১২ সনে রেট্রো-রিফ্লেক্টিভ নাম্বারপ্লেট ও আরএফআইডি ট্যাগ প্রবর্তন করা হলেও গণসচেতনতার অভাবে প্রায় ৩০ শতাংশ গাড়িতে নাম্বারপ্লেট ও আরএফআইডি ট্যাগ সংযোজন করা সম্ভব হয়নি। এছাড়া রেজিস্ট্রিকৃত মোটরযানের মধ্যে প্রায় ৩৪ শতাংশ মোটরযানের মালিক তাদের মোটরযান ফিটনেস সার্টিফিকেট নবায়ন করেননি। ধারণা করা যায় ফিটনেসবিহীন প্রায় ৫০ শতাংশ মেরামতের অযোগ্য হওয়ায় রাস্তায় চলাচল করে না। তবে এ সম্পর্কে সুনির্দিষ্ট কোন তথ্য না থাকা এবং ফিটনেসবিহীন গাড়ি ফিটনেস এর আওতায় আনা একটা চ্যালেঞ্জ বলা যেতে পারে। এছাড়া ৭ম ন্যাশনাল রোড সেফটি স্ট্রাটেজিক এ্যাকশন প্লান [২০১৪-২০১৬] অনুযায়ী আগামী ২০২৩ সালের মধ্যে সড়ক দুর্ঘটনা সংখ্যা ৩০ শতাংশ কমিয়ে আনার লক্ষ্যমাত্রা নির্ধারিত হয়েছে। বিআরটিএ'র পক্ষে এককভাবে এই লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব নয়। সড়ক ও জনপথ অধিদপ্তর, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, বাংলাদেশ পুলিশ, হাইওয়ে পুলিশ, জেলা প্রশাসন প্রভৃতি দপ্তর/সংস্থার সমন্বিত প্রচেষ্টার প্রয়োজন।

ভবিষ্যৎ পরিকল্পনা

দেশে মানসম্পন্ন ড্রাইভার সৃষ্টি ও সড়ক নিরাপত্তা পরিস্থিতির উন্নয়নকল্পে আগামী ৪ (চার) বছরে ঢাকাসহ সকল বিভাগীয় শহরে মোটর ড্রাইভিং ট্রেনিং এন্ড টেস্টিং সেন্টার নির্মাণ করার পরিকল্পনা রয়েছে। এছাড়া সমন্বিত ডাটাসেন্টার ও ওয়েব পোর্টাল সিস্টেমের মাধ্যমে অন-লাইনে সেবা প্রদানের সুযোগ সৃষ্টি করা হবে যাতে গ্রাহক ঘরে বসেই কতিপয় সেবা গ্রহণ করতে সক্ষম হবেন। গ্রাহকসেবা সহজতর করার লক্ষ্যে মোটরযানের ফিটনেস যে কোন সার্কেল থেকে প্রদান।

২০১৬-১৭ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ

- ২ লক্ষ ৮০ হাজার মোটরযানের রেজিস্ট্রেশন ও ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট প্রদান;
- ৫ লক্ষ ৮০ হাজার মোটরযানের ফিটনেস সার্টিফিকেট প্রদান;
- ২ লক্ষ ৬০ হাজার স্মার্ট কার্ড ড্রাইভিং লাইসেন্স ইস্যু ও নবায়ন;
- ২ লক্ষ ৩৫ হাজার গাড়িতে রেট্রো-রিফ্লেক্টিভ নাম্বারপ্লেট ও আরএফআইডি ট্যাগ সংযোজন;
- ১,৭৭১ কোটি টাকার মোটরযান কর ও ফি আদায়;
- ২৫ হাজার পেশাদার মোটরযান চালককে প্রশিক্ষণ প্রদান;
- ২৫ হাজার ভ্রাম্যমান আদালত পরিচালনা;
- সড়ক নিরাপত্তা বিষয়ে গণসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ৬৪টি সভা ও সেমিনার অনুষ্ঠান ও ৭ লক্ষ ৫০ হাজার লিফলেট বিতরণ

উপক্রমণিকা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

চেয়ারম্যান, বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বিআরটিএ)

এবং

সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় এর মধ্যে ২০১৬ সনের জুন মাসের ৩০ তারিখে এই চুক্তি স্বাক্ষরিত হ'ল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন-১:

বিআরটিএ'র রূপকল্প (Mission), অভিলক্ষ্য(Vision), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী

১.১ রূপকল্প(Vision)

টেকসই ও ডিজিটাল সড়ক পরিবহন ব্যবস্থা

১.২ অভিলক্ষ্য(Mission)

দেশের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে টেকসই, ডিজিটাল, পরিবেশ বান্ধব ও নিরাপদ সড়ক পরিবহন ব্যবস্থা গড়ে তোলা।

১.৩ কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)

১.৩.১ বিআরটিএ'র কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. ডিজিটাল মোটরযান ব্যবস্থাপনা সম্প্রসারণ
২. সড়ক নিরাপত্তা জোরদারকরণ

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন
২. উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন
৩. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৪. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন
৫. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

১.৪ কার্যাবলী (Functions)

- মোটরযান রেজিস্ট্রেশন ও ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট প্রদান
- মোটরযানের ফিটনেস সার্টিফিকেট প্রদান
- স্মার্ট কার্ড ড্রাইভিং লাইসেন্স প্রদান
- মোটরযানের কর ও ফি আদায়
- মোটরযানে রেট্রো-রিফ্লেক্টিভ নাম্বারপ্লেট ও আরএফআইডি ট্যাগ সংযোজন
- পরিবহনযানের রুট পারমিট প্রদান
- ড্রাইভারদের প্রশিক্ষণ প্রদান
- জন সচেতনতা সৃষ্টি

সেকশন ২

বিআরটিএ'র বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

চূড়ান্ত ফলাফল/প্রভাব	চূড়ান্ত ফলাফল	একক	ভিত্তি বছর ২০১৪-১৫	প্রকৃত অর্জন ২০১৫-১৬	লক্ষ্যমাত্রা ২০১৬-১৭	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাত্তসমূহ
						২০১৭-১৮	২০১৮-১৯		
সড়ক দুর্ঘটনা হ্রাস	হ্রাসকৃত সড়ক দুর্ঘটনা	সংখ্যা	২১৪১	২৩৫০	২০১৩	১৯৪৮	১৮৮৪	বাংলাদেশ পুলিশ সওজ অধিদপ্তর এলজিইডি জেলা প্রশাসন	7 th National Road Safety Strategic Action Plan

সেকশন-৩

কৌশলগত উদ্দেশ্য অগ্রাধিকার কার্যক্রম, কর্মসম্পাদনসূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	একক	কর্মসম্পাদন সূচকের মান	ভিত্তি বছর ২০১৪-১৫	প্রকৃত অর্জন ২০১৫-১৬	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-১৭					প্রক্ষেপণ ২০১৭-১৮	প্রক্ষেপণ ২০১৮-১৯
								অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
								১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
বিআরটিএ'র কৌশলগত উদ্দেশ্যসমূহ														
[১] ডিজিটাল মোটরযান ব্যবস্থাপনা প্রবর্তন, সম্প্রসারণ ও পরিচালনা	৬০	[১.১] মোটরযানের রেজিস্ট্রেশন ও ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট ইস্যু	[১.১.১] ইস্যুকৃত ডিজিটাল রেজি: সার্টিফিকেট	সংখ্যা (লক্ষ)	১২	১.৮০	৩.৮০	২.৮০	২.৭৫	২.৭০	২.৬৫	২.৬০	২.৫০	২.৬০
		[১.২] মোটরযানের ফিটনেস সার্টিফিকেট ইস্যু ও নবায়ন	[১.২.১] ইস্যু ও নবায়নকৃত ফিটনেস সার্টিফিকেট	সংখ্যা (লক্ষ)	১২	৫.০৪	৫.৬৫	৫.৮০	৫.৭৫	৫.৭০	৫.৬৫	৫.৬০	৬.০০	৬.১০
		[১.৩] ড্রাইভিং লাইসেন্স ইস্যু ও নবায়ন	[১.৩.১] ইস্যুকৃত ড্রাইভিং লাইসেন্স	সংখ্যা (লক্ষ)	১০	১.৪৭	১.৭৫	১.৮০	১.৭৫	১.৭০	১.৬৫	১.৬০	১.৯০	২.০০
			[১.৩.২] নবায়নকৃত ড্রাইভিং লাইসেন্স	সংখ্যা (লক্ষ)	৭	০.৬৪	০.৮২	০.৮০	০.৭৫	০.৭০	০.৬৫	০.৬০	০.৯০	১.০০
		[১.৪] মোটরযান কর ও ফি আদায়	[১.৪.১] সংগৃহীত রাজস্ব	পরিমাণ (কোটি টাকা)	৭	৯৫২	১৫৯০	১৭৭১	১৭০০	১৫৫০	১৪৫০	১৩০০	১২০০	১২৫০

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	একক	কর্মসম্পাদন সূচকের মান	ভিত্তি বছর ২০১৪-১৫	প্রকৃত অর্জন ২০১৫-১৬	লক্ষমাত্রা/নির্ণায়ক ২০১৬-১৭					প্রক্ষেপণ ২০১৭-১৮	প্রক্ষেপণ ২০১৮-১৯
								অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
								১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
		[১.৫] মোটরযানে রেড্রোরিক্লেস্টিভ নাম্বারপ্লেট ও আরএফআইডি ট্যাগ সংযোজন	[১.৫.১] রেড্রোরিক্লেস্টিভ নাম্বারপ্লেট ও আরএফআইডি ট্যাগ সংযোজিত যানবাহন	সংখ্যা (লক্ষ)	১২	২.৭০	৩.৪২	২.৩৫	২.৩০	২.২৫	২.২০	২.১৫	২.৪০	২.৫০
[২] সড়ক নিরাপত্তা জোরদারকরণ	৫	[২.১] প্রশিক্ষণের মাধ্যমে পেশাদার চালকদের দক্ষতা উন্নয়ন	[২.১.১] প্রশিক্ষণপ্রাপ্ত পেশাদার চালক	সংখ্যা	৫	১৮০০০	২৫,০৪৩	২৫০০০	২৪৭৫০	২৪৫০০	২৪২৫০	২৪০০০	২৫০০০	২৫০০০
	১৫	২.২ বিধিবিহীন কার্যক্রম নিয়ন্ত্রণ	[২.২.১] ভ্রাম্যমান আদালত পরিচালনা (মামলা)	সংখ্যা	৫	২৩২০৬	৪২,৯২৩	২৫০০০	২৩৫০০	২৩০০০	২২০০০	২১০০০	২৩০০০	২৫০০০
		২.৩ জনসচেতনতা সৃষ্টি	[২.২.২] অনুষ্ঠিত সভা ও সেমিনার	সংখ্যা	৫	৫৭	৬০	৬৪	৫৮	৫৭	৫৬	৫৫	৭৫	৮০
			[২.২.৩] বিতরণকৃত লিফলেট ও পোস্টার	সংখ্যা (লক্ষ)	৫	৬.৮২	৬.৯০	৭.৫	৬.৫০	৬.২৫	৬.০০	৫.৫০	৮.০০	৮.৫০

বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটির আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ
(মোট মান-২০)

কলাম-১	কলাম-২	কলাম-৩	কলাম-৪	কলাম-৫	কলাম-৬					
কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicator)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI)	লক্ষ্যমাত্রার মান -২০১৬-১৭				
						অসাধারণ (Excellent)	অতি উত্তম (Very Good)	উত্তম (Good)	চলতি মান (Fair)	চলতিমানের নিম্নে (Poor)
						১০০%	৯০%	৮০%	৭০%	৬০%
দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন	৬	২০১৬-১৭ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল	নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি মন্ত্রণালয়/বিভাগে দাখিলকৃত	তারিখ	১	১৯ মে	২২ মে	২৪ মে	২৫ মে	২৬ মে
		মাঠপর্যায়ের কার্যালয়সমূহের সঙ্গে ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর	নির্ধারিত সময়সীমার মধ্যে চুক্তি স্বাক্ষরিত	তারিখ	১	২৬-৩০ জুন	-	-	-	-
		২০১৫-১৬ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল	নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত	সংখ্যা	১	১৪ জুলাই	১৭ জুলাই	১৮ জুলাই	১৯ জুলাই	২০ জুলাই
		২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ	ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত	সংখ্যা	১	৪	৩	২	-	-
		২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল	নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত	তারিখ	১	২২ জানুয়ারি	২৩ জানুয়ারি	২৪ জানুয়ারি	২৫ জানুয়ারি	২৬ জানুয়ারি
		বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রণোদনা প্রদান	বৈদেশিক প্রশিক্ষণে প্রেরিত কর্মকর্তা	সংখ্যা	১	৩	২	১	-	-
দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন	৩	সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন	প্রশিক্ষণের সময়*	জনঘণ্টা	১	৬০	৫৫	৫০	৪৫	৪০
		জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন	২০১৬-১৭ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত	তারিখ	১	১৫ জুলাই	৩১ জুলাই	-	-	-
			নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত	সংখ্যা	১	৪	৩	২	-	-
তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন	২	তথ্য বাতায়ন হালনাগাদকরণ	তথ্য বাতায়ন হালনাগাদকৃত	%	১	প্রতি মাসের ১ম সপ্তাহ	প্রতি মাসের ২য় সপ্তাহ	প্রতি মাসের ৩য় সপ্তাহ	-	-
		বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ	বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত	তারিখ	১	১৫ অক্টোবর	২৯ অক্টোবর	১৫ নভেম্বর	৩০ নভেম্বর	১৫ ডিসেম্বর
কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন	৫	ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তন	দপ্তর/সংস্থায় ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তিত	তারিখ	১	২৮ ফেব্রুয়ারি	৩০ মার্চ	৩০ এপ্রিল	৩১ মে	২৯ জুন
		পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারি নিশ্চিতকরণ	পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারিকৃত	%	১	১০০	৯০	৮০	-	-

* ৬০ ঘণ্টা প্রশিক্ষণের মধ্যে অন্যান্য ২০ঘণ্টা সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ অন্তর্ভুক্ত থাকবে।

কলাম-১	কলাম-২	কলাম-৩	কলাম-৪		কলাম-৫	কলাম-৬				
কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicator)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI)	লক্ষ্যমাত্রার মান -২০১৬-১৭				
						অসাধারণ (Excellent)	অতি উত্তম (Very Good)	উত্তম (Good)	চলতি মান (Fair)	চলতিমানের নিম্নে (Poor)
						১০০%	৯০%	৮০%	৭০%	৬০%
		সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন	দপ্তর/সংস্থার কমপক্ষে একটি অনলাইন সেবা চালুকৃত	তারিখ	১	৩১ ডিসেম্বর	৩১ জানুয়ারি	২৮ ফেব্রুয়ারি	-	-
			দপ্তর/সংস্থার কমপক্ষে ৩ টি সেবা প্রক্রিয়া সহজীকৃত	তারিখ	১	৩১ ডিসেম্বর	৩১ জানুয়ারি	২৮ ফেব্রুয়ারি	-	-
		অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন	নিষ্পত্তিকৃত অভিযোগ	%	১	৯০	৮০	৭০	৬০	৫০
কর্ম পরিবেশ উন্নয়ন	৩	অফিস ভবন ও আঞ্জিনা পরিচ্ছন্ন রাখা	নির্ধারিত সময়সীমার মধ্যে অফিস ভবন ও আঞ্জিনা পরিচ্ছন্ন	তারিখ	১	৩০ নভেম্বর	৩১ ডিসেম্বর	৩১ জানুয়ারি	-	-
		সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার (waiting room) এর ব্যবস্থা করা	নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার চালুকৃত	তারিখ	১	৩০ নভেম্বর	৩১ ডিসেম্বর	৩১ জানুয়ারি	-	-
		সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা	সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত	তারিখ	১	৩০ নভেম্বর	৩১ ডিসেম্বর	৩১ জানুয়ারি	-	-
আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন	১	অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন	বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত	%	১	৫০	৪৫	৪০	৩৫	৩০

আমি, চেয়ারম্যান, বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় এর সচিবের নিকট অজ্ঞিকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় এর সচিব, চেয়ারম্যান, বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি- এর নিকট অজ্ঞিকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।


স্বাক্ষরিত:



চেয়ারম্যান
বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি

৩০/১/২০২৫

তারিখ:



সচিব
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

৩০.০১.২০২৫

তারিখ:

শব্দ সংক্ষেপ

ক্রম	শব্দ সংক্ষেপ	বিবরণ
১	বিআরটিএ	বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি
২	আরএফআইডি	রেডিও ফ্রিকুয়েন্সি আইডেনটিফিকেশন
৩	সওজ অধিদপ্তর	সড়ক ও জনপথ অধিদপ্তর
৪	এলজিইডি	স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

সংযোজনী-২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাণ পদ্ধতি-এর বিবরণ

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বিবরণ	বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা	পরিমাপ পদ্ধতি	উপাত্ত সূত্র
[১.১] মোটরযানের রেজিস্ট্রেশন ও ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট ইস্যু	[১.১.১] ইস্যুকৃত ডিজিটাল রেজি: সার্টিফিকেট	ইলেক্ট্রনিক চিপযুক্ত ডিজিটাল স্মার্ট কার্ড যার উভয় পার্শ্বে গাড়ি ও মালিকানা সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্য, মালিকের ছবি ও নিরাপত্তা ফিচার মুদ্রিত থাকে।	বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি	সফটওয়্যার অটোজেনারেটেড	বিআরটিএ ইনফরমেশন সিস্টেম ও ইলেক্ট্রনিক ভেহিকেল রেজিস্ট্রেশন সিস্টেম
[১.২] মোটরযানের ফিটনেস সার্টিফিকেট ইস্যু ও নবায়ন	[১.২.১] ইস্যু ও নবায়নকৃত ফিটনেস সার্টিফিকেট	মোটরযানের রাস্তায় চলাচলের উপযুক্ততার সার্টিফিকেট হিসেবে ফিটনেস সার্টিফিকেট ইস্যু করা হয়। মোটরযান পরিদর্শন করে উপযুক্ত পাওয়া গেলে প্রতি বছর এই সার্টিফিকেট নবায়ন করা হয়।	বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি	সফটওয়্যার অটোজেনারেটেড	বিআরটিএ ইনফরমেশন সিস্টেম
[১.৩] ড্রাইভিং লাইসেন্স ইস্যু এবং নবায়ন	[১.৩.১] ইস্যুকৃত ড্রাইভিং লাইসেন্স	সড়ক, মহাসড়ক ও জনসাধারণের ব্যবহার্য স্থানে বৈধভাবে মোটরযান চালনার সনদ হিসেবে ড্রাইভিং লাইসেন্স ইস্যু করা হয়।	বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি	সফটওয়্যার অটোজেনারেটেড	হাই সিকিউরিটি ড্রাইভিং লাইসেন্স সিস্টেম
	[১.৩.২] নবায়নকৃত ড্রাইভিং লাইসেন্স	পেশাদার লাইসেন্স ৫ বছর এবং অপেশাদার লাইসেন্স ১০ বছর মেয়াদে নবায়ন করা হয়।	বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি	সফটওয়্যার অটোজেনারেটেড	হাই সিকিউরিটি ড্রাইভিং লাইসেন্স সিস্টেম
[১.৪] মোটরযান কর ও ফি আদায়	[১.৪.১] সংগৃহীত রাজস্ব	মোটরযান ও ড্রাইভিং লাইসেন্স সংক্রান্ত বিভিন্ন সার্ভিস প্রদানের জন্য আদায়কৃত রাজস্ব	বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি	সফটওয়্যার অটোজেনারেটেড	কালেকশন অব এমভি ট্যাক্স এন্ড ফি সিস্টেম
[১.৫] মোটরযানে রেট্রোরিফ্লেক্টিভ নান্সারপ্লেট ও আরএফআইডি ট্যাগ সংযোজন	[১.৫.১] রেট্রোরিফ্লেক্টিভ নান্সারপ্লেট ও আরএফআইডি ট্যাগ সংযোজিত যানবাহন	আইএসও ৭৫৯১ মানের এ্যালুমিনিয়াম শংকর ধাতু ব্যবহার করে এমবোজডকৃত ও সিকিউরিটি হলোগ্রামযুক্ত রেট্রো-রিফ্লেক্টিভ রেজিস্ট্রেশন নান্সারপ্লেট ও মোটরযানের গতিবিধি পর্যবেক্ষণের নিমিত্ত গাড়ির উইন্ডশিল্ডে আরএফআইডি ট্যাগ সংযোজন।	বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি	সফটওয়্যার অটোজেনারেটেড	ইলেক্ট্রনিক ভেহিকেল রেজিস্ট্রেশন ও ইলেক্ট্রনিক ভেহিকেল ইনফরমেশন সিস্টেম

সংযোজনী-২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বিবরণ	বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা	পরিমাপ পদ্ধতি	উপাত্ত সূত্র
[২.১] ড্রাইভারদের প্রশিক্ষণ প্রদান	[২.১.১] প্রশিক্ষণপ্রাপ্ত পেশাদার ড্রাইভার	পেশাদার গাড়ি চালকদের দক্ষতা ও সড়ক নিরাপত্তা বিষয়ে সচেতনতা বৃদ্ধিমূলক স্বল্পমেয়াদি প্রশিক্ষণ প্রদান।	বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি	অংশগ্রহণকারীর সংখ্যার হিসাব	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন
২.২ জনসচেতনতা সৃষ্টি	[২.২.১] ভ্রাম্যমান আদালত পরিচালনা (মামলা)	সড়ক পরিবহন সংক্রান্ত অপরাধ নিয়ন্ত্রণের উদ্দেশ্যে ভ্রাম্যমান আদালত পরিচালনা করা হয়। এর ফলে সড়ক নিরাপত্তা বৃদ্ধি পায়।	বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি	প্রতিবেদন পর্যালোচনা	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন
	[২.২.২] অনুষ্ঠিত সভা ও সেমিনার	সড়ক নিরাপত্তা সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সভা ও সেমিনারের আয়োজন।	বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি	প্রতিবেদন পর্যালোচনা	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন
	[২.২.৩] বিতরণকৃত লিফলেট ও পোস্টার	সড়ক নিরাপত্তা সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও পোস্টার বিতরণ।	বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি	প্রতিবেদন পর্যালোচনা	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন